# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩০৪

পর্ব - ১১ঃ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ অঙ্গীকার পূর্ণ করার ব্যাপারে আদেশ করা এবং দূতদেরকে আটকিয়ে রাখতে নিষেধ করা

আরবী

وَعَنْ أَبِي رَافِعٍ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «إِنِّي لَا أَخِيسُ بِالْعَهْدِ, وَلَا أَحْبِسُ الرُّسُلَ». رَوَاهُ أَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

صحيح رواه أبو داود (2758)، والنسائي في «الكبرى» (5/ 205)، وابن حبان (1630) عن أبي رافع قال: بعثتني قريش إلى رسول الله صلى الله عليه وسلم، فلما رأيت رسول الله صلى الله عليه وسلم ألقي في قلبي الإسلام. فقلت: يا رسول الله! إني والله لا أرجع إليهم أبدًا. فقال رسول الله صلى الله عليه وسلم: فذكر الحديث وعندهم «البرد» بدل «الرسل» وزادوا: «ولكن ارجع فإن كان في نفسك الذي في نفسك الآن، فارجع» قال: فذهبت، ثم أتيت النبي صلى الله عليه وسلم، فأسلمت

বাংলা

১৩০৪। আবূ রাফি’ (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি ওয়াদা ভঙ্গ করি না (রাষ্ট্রীয়) দূতকে বন্দীও করি না।[1]

## English

Abu Rafi’(RAA) narrated that The Messenger of Allah (ﷺ) said:
“I do not break a covenant or imprison messengers.” Related by Abu Dawud and An-Nasa’i. Ibn Hibban graded it as Sahih.

## ফুটনোট

[1] عن أبي رافع قال: بعثتني قريش إلى رسول الله صلى الله عليه وسلم، فلما رأيت رسول الله صلى الله عليه وسلم ألقي في قلبي الإسلام. فقلت: يا رسول الله! إني والله لا أرجع إليهم أبدًا. فقال رسول الله صلى الله عليه وسلم: فذكر الحديث وعندهم «البرد» بدل «الرسل» وزادوا: «ولكن ارجع فإن كان في نفسك الذي في نفسك الآن، فارجع» قال: فذهبت، ثم أتيت النبي صلى الله عليه وسلم، فأسلمت

আবূ রাফে’ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, কুরাইশরা আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে দূত হিসেবে প্রেরণ করলেন। আমি যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখলাম, আমার অন্তরের মাঝে ইসলাম গ্রহণ করার আগ্রহ হল। তখন আমি বললাম : হে আল্লাহর রাসূল! আল্লাহর শপথ, নিশ্চয় আমি তাদের কাছে কখনই ফিরে যাব না। তখন রাসূলুল্লাহ : উপরোক্ত হাদীস বর্ণনা করে বলেন, তুমি ফিরে যাও। তোমার মনের এই অবস্থা যদি পরেও থাকে তাহলে তুমি ফিরে এসো। আবূ রাফে’ বলেনঃ আমি ফিরে গেলাম। অতঃপর আবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে ইসলাম গ্রহণ করলাম। আবূ দাউদ ২৭৫৮, আহমাদ ২৩৩৪৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ রাফি‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71115

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন